

২৫

ভার্সিটি শিক্ষক কর্মচারীদের সন্ত্রাস-বিরোধী মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ নবেম্বর জিন্নাহ হত্যা ও প্রশাসনিক ভবনে দায়িত্ব পালনরত অফিসার কর্মকর্তাদের আহত হওয়ার ঘটনার প্রতিবাদে এবং সন্ত্রাসের মূলোৎপাটনের লক্ষ্যে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অফিসার ও কর্মচারীরা যৌথভাবে সমাবেশ ও মৌন মিছিল করেন।

কর্মসূচী অনুযায়ী শিক্ষক, অফিসার ও কর্মচারীরা প্রশাসনিক ভবনের সামনে মূল চত্বরে সমবেত হন। এখান থেকে তারা সকাল সোয়া দশটায় মৌন মিছিলসহ রওনা হয়ে কার্জন হল এলাকা ও দোয়েল চত্বর ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে যান।

শহীদ মিনারে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহসভাপতি প্রফেসর সাঈদ-উর-রহমান, সাধারণ সম্পাদক ডঃ বদরুল (৮-এর পৃঃ ৬-এর কঃ দ্বঃ)

ভার্সিটি শিক্ষক (প্রথম পৃষ্ঠার পর)

আলম, বিশ্ববিদ্যালয় অফিসার এসো-সিয়েশনের সভাপতি মোহাম্মদ সেলিম, কর্মচারী সমিতির সভাপতি আ ব ম আবুল কাশেম খান, কারিগরি কর্মচারী সমিতির সভাপতি মোঃ আমজা হোসেন ও চতুর্থ শ্রেণীর কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ নূরুল ইসলাম। সমাবেশে বক্তাগণ উল্লেখ করেন সন্ত্রাস নির্মূলের মূল দায়িত্ব সরকারের। একই সাথে এ বিষয়ে অন্যান্য রাজনৈতিক শক্তির দায়িত্বের কথাও তারা উল্লেখ করেন। নেতৃবৃন্দ কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করতে ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। সমাবেশে ১ নবেম্বরের ঘটনার সূত্র তদন্ত এবং অভিযুক্তদের গ্রেফতার ও বিচার দাবী করা হয়।